

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল



সুরক্ষা সেবা বিভাগের সিটিজেন চার্টার আপডেটকরণ বিষয়ক কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | |
|------------|------------------------------------|
| সভাপতি | সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৮.০৪.২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১.০০টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য সূচি-১: খসড়া সিটিজেন চার্টারে উল্লেখিত ০১টি নাগরিক সেবা ও ১৩টি প্রাতিষ্ঠানিক/অভ্যন্তরীণ সেবার বিষয়ে সেবার ধরন পুনঃনির্ধারণ;

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক খসড়া সিটিজেন চার্টারে উল্লেখিত মাদক-১ শাখা কর্তৃক প্রদেয় ০১টি নাগরিক সেবা (হোটেল রেস্তুরেন্ট/ক্লাবে বার লাইসেন্স প্রদানের অনাপত্তি প্রদান) ও প্রশাসন-৩ শাখা কর্তৃক প্রদেয় ১৩টি প্রাতিষ্ঠানিক/অভ্যন্তরীণ সেবার বিষয়ে সেবার ধরন পুনঃনির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। যেহেতু মাদক-১ শাখা কর্তৃক প্রদেয় নাগরিক সেবা “হোটেল রেস্তুরেন্ট/ক্লাবে বার লাইসেন্স প্রদানের অনাপত্তি প্রদান” মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাধ্যমে গৃহীত হয়, সেহেতু বর্ণিত সেবাটি অভ্যন্তরীণ সেবার আওতায় নেয়ার বিষয়ে সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। প্রশাসন-৩ শাখা কর্তৃক প্রদেয় ১৩টি সেবা প্রাতিষ্ঠানিক এবং অভ্যন্তরীণ সেবা হিসাবে উল্লেখ থাকায়, সভায় উপস্থিত সবাই ১৩টি সেবা পর্যালোচনাপূর্বক অভ্যন্তরীণ সেবা হিসাবে সিটিজেন চার্টারে রাখার বিষয়ে একমত প্রকাশ করেন।

১.২ সিদ্ধান্ত:

ক) মাদক-১ শাখা কর্তৃক প্রদেয় হোটেল রেস্তুরেন্ট/ক্লাবে বার লাইসেন্স প্রদানের অনাপত্তি প্রদান সেবাটি নাগরিক সেবার পরিবর্তে প্রাতিষ্ঠানিক সেবা হিসাবে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা।

খ) প্রশাসন-৩ শাখা কর্তৃক প্রদেয় ১৩টি সেবা অভ্যন্তরীণ সেবা হিসাবে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা।

২.০ আলোচ্য সূচি-২: সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ;

২.১ আলোচনা: ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদকরণের লক্ষ্যে প্রতি অর্ধবছর ০৪টি (০৪টি কোর্সার) করে সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। তদনুযায়ী প্রতি কোর্সার তৃতীয় মাসের প্রথম সপ্তাহে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে এ বিভাগের এপিএ টিমের

সাথে সমন্বয় রাখার বিষয়ে সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন।

২.২ সিদ্ধান্ত:

- ক) সিটিজেন চার্টার হালনাগাদকরণের লক্ষ্যে প্রতি কোয়ার্টারের তৃতীয় মাসের প্রথম সপ্তাহে সভা আয়োজন করা।
খ) সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে এ বিভাগের এপিএ টিমের সাথে সমন্বয় রাখা।

৩.০ আলোচ্য সূচি-৩: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।

৩.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে এ বিভাগের প্রশাসন-১ শাখার মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক বা এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.২ সিদ্ধান্ত:

ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে এ বিভাগের প্রশাসন-১ শাখাকে প্রয়োজনীয় সংখ্যক বা এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটি কর্তৃক পত্র প্রেরণ করা।

৪.০ আলোচ্য সূচি-৪: সেবা প্রদান বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

৪.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সেবা প্রদান বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যে অনুবিভাগভিত্তিক সেবা নিয়ে সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৪.২ সিদ্ধান্ত:

- ক) অনুবিভাগভিত্তিক সেবা নিয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে অনুবিভাগ প্রধানকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটি কর্তৃক পত্র প্রেরণ করা।
খ) এপিএ ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ন্যূনতম ০২টি অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা। বর্ণিত বিষয়ে এ বিভাগের এপিএ টিম এবং সিটিজেন চার্টার পরিবীক্ষণ/হালনাগাদ কমিটিম মধ্যে সমন্বয় করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.৫১


তারিখ: ২৯ চৈত্র ১৪২৭

১২ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

- ৩) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) উপসচিব, বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৯) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার